# সফল সমবায় সমিতির তথ্য (মোল্লাহাট, বাগেরহাট)
# আশার আলো নারী উন্নয়ন সমবায় সমিতি লি:

ভূমিকা :

বাগেরহাট জেলার মোল্লাহাট উপজেলার সমগ্র কোদালিয়া ও আটজুড়ী ইউনিয়ন এর অবহেলিত নারী সমাজের আর্থ-সামাজিক উন্নয়ন ও তাদের আত্মনির্ভরশীল করার জন্য নানামুখী প্রকল্প সৃষ্টির মাধ্যমে সমবায়ের পতাকাতলে একত্রিত করে গণতান্ত্রিক পন্থায় নারী সমাজের ক্ষমতায়নে প্রগতি নারী উন্নয়ন সমবায় সমিতি লি: কার্যর্কর ভূমিকা পালন করছে। প্রাথমিক পর্যায়ে সমিতির সদস্য সংখ্যা ২৫ জন ছিলো । বর্তমানে সদস্য সংখ্যা ১০০ জন হয়েছে। সমিতির শেয়ার মূলধন ৩,০০০০০ (তিন লক্ষ) টাকা, সঞ্চয় আমানত ৫৬,১৪০ (ছাপ্পান্ন হাজার একশত চল্লিশ) টাকা। বর্তমানে নানাবিধ কার্যর্ক্রমের মাধ্যমে নারীর ক্ষমতায়নে সমিতিটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

সমিতি গঠনের প্রেক্ষাপট/ইতিহাস:

এলাকার স্থায়ী বাসিন্দাগন বিভিন্ন এনজিও থেকে চড়া সুদে ঋণ গ্রহণ করত । ঋণ নেওয়ার ফলে ঋনের বোঝা সদস্যদের মাথার উপর চাপতে থাকে। সুদের হার বেশী হওয়ায় সেখান থেকে লাভবান হওয়ার কোন সুযোগ ছিলনা। যার ফলশ্রুতিতে এলাকার কয়েকজন স্থায়ী বাসিন্দা উপজেলা সমবায় কার্যালয় মোল্লাহাট, বাগেরহাট-এ আসেন এবং উপজেলা সমবায় অফিসার মহিলা সমবায় সমিতি গঠনের বিষয়ে তাদের অবহিত করেন। সমিতিটি নিবন্ধনের জন্য সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত প্রকল্প বাস্তবায়নের জন্য বাগেরহাট জেলার মোল্লাহাট উপজেলায় আশার আলো নারী উন্নয়ন সমবায় সমিতি লি: নামে সমিতিটি আত্মপ্রকাশ করে। নিবন্ধন কালে সমিতির সদস্যদের মোটিভেট করার জন্য কোন চ্যানেঞ্জের সম্মূখীন হতে হয়নি। সদস্যগণ স্বতঃস্ফূর্তভাবে সমিতিতে সদস্য হতে আগ্রহ প্রকাশ করে।

সমিতির লক্ষ্য ও উদ্দেশ্য:

উপজেলা সমবায় অফিসার, মোল্লাহাট, বাগেরহাট-এর সহোযোগিতায় জেলা সমবায় কার্যালয়, বাগেরহাট হতে সমিতিটি নিবন্ধন হয়। সমিতির মূল নিবন্ধন নং ১৬, তারিখ: ১৭/০৯/২০১৭ খ্রি: , সংশোধিত নিবন্ধন নং: ০১, তারিখ: ১২/০১/২০২০ খ্রি:। সমিতির ঠিকানা: গ্রাম: ঘোড়াদাইড়, পোস্ট: মোল্লাহাট, উপজেলা: মোল্লাহাট, জেলা: বাগেরহাট। সমিতিতে শুরুতে ২৫ জন সদস্য সংখ্যা ছিল। সমিতির কর্মএলাকা ১ নং উদয়পুর ইউনিয়ন, ২নং চুনখোলা ইউনিয়ন এবং ৩নং গাংনী ইউনিয়ানের চরকান্দি এলাকা ব্যাপী।
সমিতি গঠনের লক্ষ্য ও উদ্দেশ্য: সমিতিটি গঠনের লক্ষ্য ও উদ্দেশ্য নিম্নে বর্ণনা করা হল:

- দুগ্ধ উৎপাদনের নিমিত্তে আধুনিক পদ্ধতিতে গবাদি পশু লালন পালনের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা।
- সমবায় আদর্শ ও নীতির ভিত্তিতে পারস্পারিক সহোযোগিতার মাধ্যমে সমিতির সদস্যদের উন্নত জাতের গাভী পালন করা।
- দুগ্ধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গবাদি পশুর জন্য সুষম দানাদার, গো-খাদ্য, সবুজ ঘাস, উৎপাদনের ব্যবস্থা গ্রহণ করা।

- প্রকল্প থেকে গৃহীত ঋণের যথাযথ ব্যবহারের পর নির্দিষ্ট সময়ে ঋণ পরিশোধ করা ।
- সমবায় আদর্শ ও নীতির ভিত্তিতে পারস্পারিক সহোযোগিতার মাধ্যমে দুগ্ধ উৎপাদন, স্বাস্থ্য সম্মতভাবে দুগ্ধ দহন, দুগ্ধ সংগ্রহ এবং বাজারজাত করণ।
- সমবায় সমিতি আইন ও বিধিমালা এবং নিবন্ধক সমবায় অধিদপ্তরের সার্কুলার প্রতিপালন করে সদস্যদের ক্ষমতায়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা।

<u>নারীর ক্ষমতায়নে সমিতির উদ্যোগ ও ভূমিকা:</u>

নারীর ক্ষমতায়নে সমিতির বিভিন্ন ধরনের বাস্তবমূখী উদ্যোগ ও ভূমিকা রয়েছে। সমাজের অবহেলিত মহিলাদের অর্থনৈতিক মুক্তির লক্ষ্যে নারীর ক্ষমতায়ন অত্যন্ত জরুরী। সমাজের আর্থ-সামাজিক উন্নয়নে সমবায় সমিতি অন্যান্য সংগঠন থেকে অনেকাংশে কার্যকর।

ক) আর্থিক ক্ষমতায়ন: সমিতির সদস্যগণ সমবায় অধিদপ্তর ঢাকা থেকে ঋণ গ্রহণ করে উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে নিজের আর্থিক চাহিদা মেটানোর পর পরিবারের আর্থিক চাহিদা মেটাতে সক্ষম হচ্ছে। নিজের উপার্জিত টাকায় ছেলে মেয়েদের পড়াশোনা করাতে সক্ষম হচ্ছে। যার ফলে পরিবারের স্বামী/সন্তানের উপর তার নির্ভরশীলতা অনেকাংশে হ্রাস পেয়েছে।

সমবায় অধিদপ্তর থেকে গৃহীত ঋণের চেক প্রকল্পের সুবিধাভোগী সদস্যদের মাঝে বিতরন করছেন উপজেলা নির্বাহী অফিসার মোল্লাহাট, বাগেরহাট এবং জনাব আশুতোষ কুমার মল্লিক, উপজেলা সমবায় অফিসার মোল্লহাট, বাগেরহাট।

ঋণের চেক বিতরণের ছবি




সমবায় অধিদপ্তর থেকে সমিতির সদস্যগণ ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা ঋণগ্রহণ করে ১ বছর পরে উক্ত টাকার কিস্তি আদায় শুরু হওয়ায় এবং গৃহীত ঋণ সুদমুক্ত হওয়ায় তাদের আর্থিক আবস্থা পূর্বের তুলনায় বর্তমানে অনেকাংশে ভালো হয়েছে।

সমিতির প্রত্যেক সদস্য প্রশিক্ষণ গ্রহণ করেছে এবং প্রশিক্ষণ গ্রহণ করে সদস্যগণ কর্মসংস্থানের সৃষ্টি করতে পেরেছে এবং সদস্যদের পরিবার পরোক্ষভাবে উপকৃত হচ্ছে।

প্রশিক্ষণের ছবি




খ) সামাজিক ক্ষমতায়ন: জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালনের মাধ্যমে সমিতি তার সদস্যদের মধ্যে দেশত্ববোধ সৃষ্টি করে দেশ ও জাতি গঠনে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। সমিতির সদস্যগণ বিভিন্ন উঠান বৈঠকের মাধ্যমে হাঁস-মুরগী, গরু-ছাগল ও গৃহপালিত অন্যান্য পশুপালন, মৎস্য চাষ, কৃষি কাজ, নারী শিক্ষা প্রসার ও বাল্য বিবাহ রোধ, পরিকল্পিত পরিবার গঠন ও প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা সম্পর্কে সকলকে অবহিত করেন।

গ) রাজনৈতিক ক্ষমতায়ন: সমবায় সমিতিতে নিয়মিত মাসিক সভা ও বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সমিতিতে ০৬ সদস্য বিশিষ্ট একটি কার্যকরী কমিটি থাকে। যার মধ্যে ১ জন সভাপতি, ১ জন সহ-সভাপতি ও বাকি ০৪ জন সদস্য আছেন। সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এবং সমবায় বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এর ধারা ও বিধি প্রতিপালনের মাধ্যমে সদস্যদের মাঝে স্বচ্ছতা, জবাবদিহিতা ও আস্থা সৃষ্টির লক্ষ্যে সমিতি কাজ করে যাচ্ছে। বর্তমানে সমিতিতে অন্তবর্তী কমিটি বিদ্যমান। নিম্নে অন্তবর্তী কমিটির ছক দেওয়া হল।

| ক্র: নং | নাম, | পদবী |
|---|---|---|
| ১ | জনাব শিল্পী বসু | সভাপতি |
| ২ | জনাব কুলছুম বেগম | সদস্য |
| ৩ | জনাব তানিয়া বেগম | সদস্য |

<u>সমিতি প্রাতিষ্ঠানীকরণে গৃহীত পদক্ষেপ:</u>

সমিতিতে প্রতি অর্থবছরে নিয়মিত ভাবে অডিট কার্য সম্পাদন হয় । ২০১৯-২০২০ অর্থ বছরে অডিট সম্পাদন হয় ২০/১২/২০২০ খ্রি: তারিখে। যার অডিট নোট সমিতির সভাপতির নিকট সংরক্ষিত আছে । স্বচ্ছতা ও জবাবদিহিতা বাস্তবায়নের লক্ষ্যে সমিতির যাবতীয় রেকর্ডপত্র সকল সদস্যদের জন্য উন্মুক্ত থাকে। সমিতিতে জমা-খরচ বহি, শেয়ার খতিয়ান, সঞ্চয় আমানত খতিয়ান, রেজুলেশন বহি, সভ্য তালিকা বহি, বার্ষিক সাধারণ

সভা রেজিষ্টার, নির্বাচন রেজিষ্টার ইত্যাদি সংরক্ষণ করা হয়। সমিতিতে নির্দিষ্ট কোনো লোগো নাই তবে লোগো ব্যবহারের পরিকল্পনা আছে।

সমিতিটিতে  নির্দিষ্ট একটি সাইন বোর্ড আছে যার চিত্র নিম্ন রুপ:




<u>সমিতির ভবিষ্যৎ পরিকল্পনা:</u>

সমিতির ভবিষ্যৎ পরিকল্পনা হলো সমিতির সদস্য সংখ্যা বৃদ্ধি করে সংশ্লিষ্ট এলাকার অধিক হারে নারীদের অন্তর্ভূক্তির মাধ্যমে সদস্যদের তথা এলাকার আর্থ সমাজিক অবস্থার উন্নয়ন করা।

উপসংহার:

সমিতির সদস্যরা শ্রম মেধা ও মননকে কাজে লাগিয়ে আশার আলো নারী উন্নয়ন সমবায় সমিতি লি: স্বনির্ভরতা, কর্মসংস্থান, কর্মসম্পাদন, এলাকার শান্তি শৃঙ্খলা আনয়ন ও সাধারণ মানুষকে সমবায় আন্দোলনে উদ্বুদ্ধ করে। আশা করা যায়, সমিতিটি অদূর ভবিষ্যতে তার কাঙ্খিত লক্ষ্যে পৌঁছাতে সক্ষম হবে।

**স্বা/**
**(আশুতোষ কুমার মল্লিক)**
**উপজেলা সমবায় অফিসার**
**মোল্লাহাট,বাগেরহাট।**
**ফোন-০৪৬৫৫-৫৬১০৪।**
ই-মেইলঃucobmollahat@gmail.com